বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
রেজিস্ট্রেশন শাখা
(www.bteb.gov.bd)

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০৫.৪১.০০৩.১৩-১১৬ তারিখ: ০১ অক্টোবর, ২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জুলাই-ডিসেম্বর, ২০২৬ (৬ মাস মেয়াদি) শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিম্নোক্ত বর্ধিত সময়সূচি অনুযায়ী অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জুলাই-ডিসেম্বর, ২০২৬ (৬ মাস মেয়াদি):

(১) (ক) ডাটা এন্ট্রি: ০৪-১০-২০২৬ খ্রি. থেকে ২২-১০-২০২৬ খ্রি. পর্যন্ত।
(খ) পেমেন্ট ও রেজিস্ট্রেশন: ০৪-১০-২০২৬ খ্রি. থেকে ২২-১০-২০২৬ খ্রি. পর্যন্ত।
(গ) ফাইনাল লিস্ট ও রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট: ২৬-১০-২০২৬ খ্রি. থেকে ৩১-১০-২০২৬ খ্রি. পর্যন্ত।
(ঘ) রেজিস্ট্রেশন কার্ড A4 সাইজ (100 gsm) অফসেট কাগজে রঙিন প্রিন্ট করতে হবে।

(২) ফি এর বিবরণ: রেজিস্ট্রেশন ফি ৫০.০০ টাকা, পরীক্ষার ফি ৩০০.০০ টাকা ও সনদপত্র ফি ১০০.০০ টাকাসহ সর্বমোট ৪৫০.০০ টাকা প্রতি শিক্ষার্থী।

(৩) ভর্তির ন্যূনতম যোগ্যতা: কোন অনুমোদিত বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে অষ্টম শ্রেণী/জেএসসি/জেডিসি পরীক্ষা উত্তীর্ণ হতে হবে।

(৪) প্রতি ট্রেডে আসন সংখ্যা হবে ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন এবং ড্রপআউট ১০ (দশ) জন। প্রতি ট্রেডে শিক্ষার্থীর সংখ্যা ০৫ (পাঁচ) জনের কম হলে উক্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

(৫) ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত প্রতিষ্ঠানের সকল বকেয়া অ্যাফিলিয়েশন ফি পরিশোধ থাকতে হবে।

(৬) **ই-সেবা প্ল্যাটফর্ম (bteb.gov.bd⇨ই-সেবা⇨প্রতিষ্ঠান লগইন অথবা btebesheba.gov.bd⇨প্রতিষ্ঠান লগইন) এর মাধ্যমে প্রতিষ্ঠানসমূহকে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে।**

স্বাক্ষরিত/-
(মোঃ আল মাসুদ করিম)
সচিব (উপসচিব)
ফোন (অফিস): ০২-৫৫০০৬৫২২
ই-মেইল: secretary@bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০৫.৪১.০০৩.১৩-১১৬(১০) তারিখ: ০১ অক্টোবর, ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১-৪. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৬. উপপরিদর্শক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. কারিকুলাম বিশেষজ্ঞ (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সংশ্লিষ্ট নথি।

০১.১০.২৬
(প্রকৌশলী মোঃ আব্দুল হান্নান)
উপসচিব (রেজিস্ট্রেশন)
ফোন (অফিস): ০২-৫৫০০৬৫৩৬

E:\Office Work\Office Order\57.17.0000.105.41.003.13.docx